

শিক্ষামন্ত্রীর সাথে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃত্বন্দের সাক্ষাত্

ঢাকা, ১০ অক্টোবর

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সাথে আজ সচিবালয়ে মন্ত্রালয়ের সভাকক্ষে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃত্বন্দ সাক্ষাত্ করেন। সমিতির সভাপতি অধ্যাপক আই কে সেলিম উল্লাহ খোন্দকার প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদলে সমিতির সহসভাপতি অধ্যাপক অলিউল্লাহ মো. আজমতগীর ও মনিরা বেগম এবং মহাসচিব শাহেদুল খবির চৌধুরীসহ ১৪ জন সদস্য উপস্থিত ছিলেন।

সাক্ষাত্কালে সমিতির নেতৃত্বন্দ সাম্প্রতিক পদোন্নতির জন্য শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের বিভিন্ন সমস্যা ও দাবী-দাওয়া তুলে ধরেন। তারা শিক্ষা ক্যাডারে নতুন পদ সৃজন এবং জ্যৈষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদানের দাবী জানান। মন্ত্রী ধৈর্য সহকারে তাদের বক্তব্য শোনেন এবং পদোন্নতিসহ তাদের দাবীগুলো আন্তরিকভাবে বিবেচনার আশ্বাস দেন।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের বিভিন্ন সমস্যা সমাধানে সরকার আন্তরিকভাবে চেষ্টা করছে। তিনি বলেন, জাতি গঠনে শিক্ষকরা হলেন নিয়ামক শক্তি। শিক্ষকরা সমাজের সবচেয়ে সম্মানজনক অবস্থানে আছেন। শিক্ষকদের ইঞ্জিনিয়ার-সম্মান ও মর্যাদা বৃদ্ধির জন্য আমরা কাজ করছি। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের পদোন্নতি দিলে তাঁরা উৎসাহিত হবেন। বেশি কাজ করতে প্রেরণা পাবেন। বিধি মোতাবেক সর্বোচ্চ সংখ্যক পদোন্নতি দেয়া হবে। এ ব্যাপারে কোন কার্পন্য করা হবে না।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯